৩৯৫৭২

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-২৬১/ ৩৬৬৯ তারিখ:১২ .১১.২০১৯খ্রি.

**বিষয়ঃ- রিট পিটিশন নং ৫০৩৪/২০১৯ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগ এর আদেশ মোতাবেক জনাব মো: তবারক আলী কর্তৃক দাখিলকৃত ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত নিস্পত্তিকরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলাধীন মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব মুহাম্মদ তবারক আলী গত ২০/০৪/২০১৯ খ্রি. তারিখে "দৈনিক পূর্বকোণ" পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন ৫০৩৪/২০১৯ দায়ের করেন। উক্ত রিটের শুনানীঅন্তে মহামান্য হাইকোর্ট প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির উপর ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেছেন। একইসঙ্গে আবেদনকারীর ০৭/০৫/২০১৯ ইং তারিখের দরখাস্ত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিস্পত্তির নির্দেশ প্রদান করেছেন।

জনাব মো: তবারক আলীর ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার সহ-সুপার পদটি বিদ্যমান থাকা স্বত্বেও উক্ত পদ শূন্য না করে ভারপ্রাপ্ত সুপার ও কমিটির সভাপতি যোগসাজসে সহ-সুপার পদে (পদ সৃষ্টি ব্যতীত) নতুন নিয়োগ দেওয়ার চেষ্টা করছেন মর্মে আবেদনে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় জরুরী ভিত্তিতে মো: তবারক আলী কর্তৃক প্রেরিত ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বোর্ডে দাখিল করার জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১২.১১.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

সভাপতি
মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্রাসা
বোয়ালখালী, চট্টগ্রাম

নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-২৬১/ / তারিখ: .১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম;
৪. জনাব মো: তবারক আলী (সহ-সুপার), মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্রাসা;
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

\\192.168.101.190\Shujon2\manik

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়রী নং ৭১৫৪
তারিখ-
রেজিস্ট্রার
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
কারিকুলাম/ হিরক
উপ-রেজিস্ট্রার প্রশাঃ/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সনদ
সেল/কম্পিউটার কেন্দ্র
জরুরী আলাপ করুন/ব্যবস্থা নিন

বরাবর,

**চেয়ারম্যান,**
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
বক্‌শী বাজার, ঢাকা।

**বিষয়: মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক বিগত ২০.০৮.২০১৯খ্রি: তারিখে প্রেরিত পত্রের জবাব প্রদান প্রসঙ্গে।**

সূত্র: বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-২৬১/৩১২৪ তারিখ: ২০.০৮.২০১৯ খ্রি:

জনাব,

সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মুহাম্মদ তবারক আলী, পিতা: মৃত কবির আহমদ, সাং-হাজীগাঁও, ডাকঘর: মোনায়েম শাহ, থানা: বাঁশখালী, জেলা: চট্টগ্রাম, বিগত ০১.০১.১৯৯৮ খ্রি: তারিখে মুহাম্মদিয়া ইসলামীয়া দাখিল মাদ্রাসা, চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম এর সহকারী সুপার পদে যোগদান করি। সূত্রে উল্লেখিত পত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০৭.০৫.২০১৯ খ্রি: তারিখের দরখাস্তটি ০৮-০৫-২০১৯ খ্রি: তারিখে রেজিষ্টার্ড ডাক যোগে প্রাপ্তিস্বীকারসহ পাঠাই যা আপনার প্রতিষ্ঠান কর্তৃক বিগত ১২.০৫.২০১৯ খ্রি: তারিখে যথাযথভাবে গৃহীত হয়েছে। উক্ত দরখাস্তের একটি কপি প্রাপ্তিস্বীকারের ফটোকপি সহ আপনার বরাবর পূনরায় প্রেরণ করা হল।

অতএব, নিবেদন এই যে, উক্ত পত্রে উল্লেখিত সমস্যাটি সমাধান করে বাধিত করবেন।

তারিখ: ২৩-০৯-২০১৯খ্রি:

নিবেদক

মুহাম্মদ তবারক আলী
(মুহাম্মদ তবারক আলী)
সহকারী সুপার
মুহাম্মদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম।

S/O

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং ৫৪০
২৬/৯/১৯
উপ-রেজিস্ট্রার প্রশাঃ/কমন
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
রেজিস্ট্রার
২৫-৯-১৯

তারিখ ঃ ০৭/০৫/২০১৯খ্রিঃ

বরাবর,
চেয়ারম্যান,
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড,
বক্‌শী বাজার, ঢাকা।

বিষয় ঃ **মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্‌রাসার সহকারী সুপার এর পদ শূন্য না করে নিয়োগ প্রক্রিয়া গ্রহণের বিরুদ্ধে আবেদন।**

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী **মুহাম্মদ তবারক আলী**, পিতা- মৃত কবির আহমদ, সাং- হাজীগাঁও, ডাকঘর- মোনায়েম শাহ, থানা- বাশঁখালী, জেলা- চট্টগ্রাম গত ০১/০১/১৯৯৮খ্রিঃ তারিখে মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্‌রাসা, চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম এর সহকারী সুপার পদে যোগদান করি এবং পরবর্তীতে যথারীতি এম.পি.ও ভূক্ত হই। আমার চাকুরী ইনডেক্স নম্বর- ৭০৪৪৬০। আমি আইনানুযায়ী চাকুরীতে বহাল থাকা সত্বেও উক্ত মাদ্‌রাসা ভারপ্রাপ্ত সুপার এর ইন্দনে সভাপতি, মাদ্‌রাসা পরিচালনা পরিষদ গত ২০/০৪/২০১৯খ্রিঃ তারিখে সহকারী সুপারের পদ শূন্য দেখাইয়া অন্যান্য পদের সাথে দৈনিক পূর্বকোণ পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেন। বিষয়টি আমার নজরে আসিলে মাদ্‌রাসা কর্তৃপক্ষকে আমি বলি যে, "আমার এম.পি.ও এর বিপরীতে মার্চ/২০১৯খ্রিঃ পর্যন্ত বেতন ছাড় করা হইয়াছে এবং আমাকে চাকুরী হইতে সাময়িক বরখাস্ত বা বরখাস্ত করা ও হয়নি, অতএব, সহকারী সুপার পদ শূন্য পদ ঘোষণা পূর্বক তর্কিত নিয়োগ পরিচালনা অবৈধ হবে"। কিন্তু তাহারা নিয়োগ প্রক্রিয়া স্থগিত করিবে না এবং আমাকে চাকুরীতে যোগদান করিতে দিবে না মর্মে জানায়। যেহেতু উক্ত মাদ্‌রাসা জনবল কাঠামোতে সহকারী সুপার পদ একটি, কাজেই আমার পদের বিপরীতে নিয়োগ কার্য্যক্রম সম্পন্ন হইলে ভবিষ্যতে জটিলতা সৃষ্টি হইবে। এমতাবস্থায়, সহকারী সুপার পদের নিয়োগ কার্যক্রম বন্ধ করার জন্য আশু ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

অতএব, উল্লিখিত অবস্থাধীনে বিনীত প্রার্থনা এই যে, উক্ত মাদ্‌রাসা সহকারী সুপার পদের নিয়োগ কার্যক্রম বন্ধ করার জন্য এবং আমাকে সহকারী সুপার পদে দায়িত্ব পালনের আদেশ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

মুহাম্মদ তবারক আলী

**মুহাম্মদ তবারক আলী**

**কপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইলঃ**

১। মহাপরিচালক
বাংলাদেশ মাদ্‌রাসা ও কারিগরি শিক্ষা অধিদপ্তর
বোরাক টাওয়ার, পিরবাগ, শাহবাগ, ঢাকা

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বোয়ালখালী, চট্টগ্রাম।

৩। সভাপতি
মাদ্‌রাসা পরিচালনা পরিষদ
মুহাম্মদীয়া ইসলামীয়া দাখিল মাদ্‌রাসা
চরণদ্বীপ, বোয়ালখালী, চট্টগ্রাম।